প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

## এইচএসসি (বিএম/বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২২ এর ফরম পূরনের বিজ্ঞপ্তি

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০১.২২.৪২৪(১)    তারিখ ঃ ০১-০৬-২০২২ খ্রি.

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি) একাদশ ও দ্বাদশ এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত এবং পরিপূরক (নতুন/পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, অনলাইনের মাধ্যমে ফরম পূরণের ফি প্রেরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হল।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে। এতদসংক্রান্ত তথ্যাদি বোর্ডের **Website: www.bteb.gov.bd** –এ পাওয়া যাবে।

* এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২২ শুরুর সম্ভাব্য তারিখ ২২-০৮-২০২২ খ্রি.।

### ১. পরীক্ষার্থীর বিবরণ ঃ (নিয়মিত, অনিয়মিত ও পরিপূরক)

ক) নিয়মিত পরীক্ষার্থী (১ম বর্ষ ও ২য় বর্ষ) ঃ

১. ১ম বর্ষ নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি) একাদশ ও ডিপ্লোমা-ইন-কমার্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

২. ২য় বর্ষ নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ, সেই সকল শিক্ষার্থীগণ ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম) ও ডিপ্লোমা-ইন-কমার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

খ) অনিয়মিত পরীক্ষার্থী (১ম বর্ষ ও ২য় বর্ষ) ঃ

১ম বর্ষ অনিয়মিত পরীক্ষার্থী ঃ

১. যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে ৩ (তিন) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ঐ সকল পরীক্ষার্থী শুধু অকৃতকার্য বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২. ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ২০২১ সনের প্রথম বর্ষ বোর্ড সমাপনী পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য একাদশ শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত  ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৪. বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, কিংবা কেবলমাত্র ২০২১ সনের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে ২০২২ সালের অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫. যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত  ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদন ও রেজিস্ট্রেশনের ফটোকপি সংযুক্ত করে তা (বিএম/বিএমটি) শাখায় ১০তলায় জমা দিতে হবে।

২য় বর্ষ অনিয়মিত পরীক্ষার্থী ঃ

১. যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজি: মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

২. ২০২০ সনে বা তার পূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিন্তু ২০২১ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ করে নাই ঐ সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনুমতি গ্রহণের আবেদনপত্রের সাথে ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের কপি ও ২য় বর্ষের নম্বরপত্র/ ট্রান্সক্রিপটের কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩. দ্বাদশ শ্রেণীর কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারনে ২০২১ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে বোর্ড নির্ধারিত ফি প্রদান পূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪. ২০২০-২০২১ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন ব্যতীত অন্য যেকোন শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২০ সনের অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫. বহিঃষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে, কিংবা কেবলমাত্র ২০২১ সনের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা বাতিল হয়েছে; তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি (৩০০/-) দিয়ে ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষার্থীর আবেদন ও রেজিস্ট্রেশন, ১ম বর্ষের প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি  সংযুক্ত করে তা (বিএমটি) শাখায় ১০তলায় জমা দিতে হবে।

গ) পরিপূরক  পরীক্ষার্থী ঃ যে সকল পরীক্ষার্থী ২০২১ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনধিক ২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২২ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

*একাদশ শ্রেণির পরিপূরক (অনধিক দুই বিষয়) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়া শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের সেশন অনুযায়ী নির্ধারিত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এরূপ শিক্ষার্থী দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী*

*পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলেও তাকে অকৃতকার্য ঘোষণা করা হবে। কেবল একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হলেই তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।*

ঘ) পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতা ঃ

১. শিক্ষার্থী ২০১৭- ২০১৮ শিক্ষাবর্ষ বা -এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত হলে।
২. শিক্ষার্থী ধারাবাহিক (TC, PC) নম্বরে অকৃতকার্য হলে।
৩. শিক্ষার্থীর বহিঃষ্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।

## ২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হার ঃ

২.১ ১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৪০০/- (চারশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৭৫/- (পঁচাত্তর) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | সনদপত্র ফি (শুধুমাত্র ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে) | ১০০/- (একশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ঘ. | বাস্তব প্রশিক্ষণ ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ১২০/- (একশত বিশ) টাকা | বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- টাকা প্রাপ্য |
| ঙ. | কেন্দ্র ফি (১ম ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৩৫০/- (তিনশত পঞ্চাশ) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | ১০০/- (একশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| জ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/- (তিনশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |

২.২ **১ম বর্ষ (পরিপূরক) পরীক্ষার্থীদের নিকট হতে** পরীক্ষার **ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী | ৪০০/- (চারশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি প্রতি পরীক্ষার্থী | ৭৫/- (পঁচাত্তর) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | বাস্তব প্রশিক্ষণ ফি প্রতি পরীক্ষার্থী (যদি বাস্তব প্রশিক্ষণে অনুত্তির্ণ হয়ে থাকে) | ১২০/- (একশত বিশ) টাকা | বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- টাকা প্রাপ্য |
| ঘ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

* পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।

## ৩. পরীক্ষার সময় ও মানবন্টন:

ক) প্রশ্নপত্রে উল্লেখিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) প্রশ্নপত্রে উল্লেখিত পূর্নমানের যে কোন বিভাগ মিলিয়ে ৫০% (অর্ধেক) নম্বরের উত্তর প্রদান করতে হবে। তবে সৃজনশীল প্রশ্নের ক্ষেত্রে যে সৃজনশীল প্রশ্নের উত্তর দিবে সবগুলো (ক,খ,গ,ঘ) অংশের উত্তর ধারাবাহিক ভাবে দিতে হবে।

## ৪. অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত তথ্য ঃ

নিম্নোক্ত ছক-১ এ বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

অনলাইন ফরম পূরণ সংক্রান্ত ছক (ছক-১)

| অনলাইনে ফরম পূরণের তারিখ | বিলম্ব ফি ছাড়া ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ | বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা) | বিলম্ব ফিসহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ |
|---|---|---|---|
| ০৮-০৬-২০২২ খ্রি. হতে ২২-০৬-২০২২ খ্রি. | ২৩-০৬-২০২২ খ্রি. | ২৫-০৬-২০২২ খ্রি. হতে ২৯-০৬-২০২২ খ্রি. | ৩০-০৬-২০২২ খ্রি. |

* কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৪.১ নির্ধারিত ০৮-০৬-২০২২ খ্রি. হতে ২২-০৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং বিলম্ব ফি-সহ পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২৫-০৬-২০২২ খ্রি. হতে ২৯-০৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে। কোন শিক্ষার্থী ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হলে তার ফরম পূরণ করানো যাবে না।

৪.২ ২৯-০৬-২০২২ খ্রি. হতে ০৩-০৭-২০২২ খ্রি. পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

৪.৩ পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহন করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।

## ৫. ফরম পূরনের টাকা জমা দেওয়ার নিয়ম (১৩ অনুচ্ছেদ এ Flow Chart এবং User Manual এ বিস্তারিত উল্লেখ আছে) ঃ

৫.১ ফরম পূরন সম্পন্ন করার পর payment summary তে ক্লিক করে online payment এর তথ্যে যেতে হবে।

৫.২ payment summary এর নিচে Click For Online Payment এ ক্লিক করতে হবে। এছাড়া https://sbl.com.bd:7070 BTEB institute payhment select করে payment করা যাবে।

৫.৩ Security PIN নম্বর এর নিচে Click here For Online Payment Registration এ ক্লিক করে উক্ত PIN নম্বর ব্যবহার করে Registration করতে হবে। এরপর SING UP এ ক্লিক করতে হবে।

৫.৪ নতুন Password ও প্রতিষ্ঠান কোড ব্যবহার করে LOGIN করতে হবে।

৫.৫ আগত Page এর উপরের মেন্যু থেকে Institute Payment এ ক্লিক করতে হবে।

৫.৬ Curriculum, Fee Type ও Service Select করে Voucher প্রিন্ট করতে হবে।

৫.৭ Print এ ক্লিক করে BTEB Counter Payment Voucher সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংক (যেখানে সোনালী সেবা চালু আছে) এ ফরম পূরনের টাকা জমা প্রদান করতে হবে।

৫.৮ Institute Payment Search এ ক্লিক করে টাকা জমার বিষয়ে নিশ্চিত করতে হবে।

৫.৯ এইচএসসি (বিএম/বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সকল কার্যক্রম অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষাক্রমের সাথে সম্পৃক্ত প্রভাষক/শিক্ষকের মাধ্যমে বর্ণিত নিয়মে সঠিকভাবে এবং নির্দিষ্ট সময়ে সম্পাদন করতে হবে।

## ৬. TC, PC, ফরম ফিলাপ হার্ডকপি, BTEB Payment Summary (যাহা online from fillup link এ পাওয়া যাবে) এবং প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণ ঃ

৬.১. নিম্নোক্ত ছক ২ -এ বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত আনুসাঙ্গিক মালামাল সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব/ মনোনীত প্রতিনিধি কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র এবং উত্তরপত্রসহ অন্যান্য মালামাল গ্রহণ করবেন। শুধুমাত্র কেন্দ্র সচিব/মনোনীত প্রতিনিধিকেই প্রবেশপত্র, উত্তরপত্র ইত্যাদি সরবরাহ করা হবে।

৬.২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ফরম পূরণকৃত পরীক্ষার্থীর তালিকা (হার্ডকপি ও সফটকপি) এবং BTEB Payment Summary প্রবেশপত্র গ্রহনের নূন্যতম ৩(তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে জমা দিবেন। জমাকৃত হার্ডকপিতে অবশ্যই প্রতিষ্ঠান প্রধানে স্বাক্ষর সিল ও তারিখ থাকতে হবে।

৬.৩.**TC, PC, ফরম ফিলাপ হার্ডকপি, BTEB Payment Voucher জমা এবং প্রবেশপত্র ও আনুসাঙ্গিক মালামাল বিতরণ ছক (ছক-২)**

| ক্র. নং | জেলার নাম | বিতরণের তারিখ | ক্র. নং | জেলার নাম | বিতরণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর | ১৭-০৭-২০২২ | ১০ | বরগুনা, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠী | ২৮-০৭-২০২২ |
| ২ | নীলফামারী, রংপুর ,কুড়িগ্রাম | ১৮-০৭-২০২২ | ১১ | চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার | ০১-০৮-২০২২ |
| ৩ | গাইবান্ধা ,বগুড়া ,জয়পুরহাট | ১৯-০৭-২০২২ | ১২ | বরিশাল, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী | ০২-০৮-২০২২ |
| ৪ | লালমনিরহাট, নওগাঁ, নাটোর | ২০-০৭-২০২২ | ১৩ | টাংগাইল, জামালপুর | ০৩-০৮-২০২২ |
| ৫ | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ | ২১-০৭-২০২২ | ১৪ | শেরপুর, ময়মনসিংহ, | ০৪-০৮-২০২২ |
| ৬ | সিরাজগঞ্জ, পাবনা, | ২৪-০৭-২০২২ | ১৫ | নেত্রকেনা, সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ | ০৭-০৮-২০২২ |
| ৭ | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা, | ২৫-০৭-২০২২ | ১৬ | কিশোরগঞ্জ, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, | ০৮-০৮-২০২২ |
| ৮ | নড়াইল, যশোর, সাতক্ষীরা | ২৬-০৭-২০২২ | ১৭ | বি-বাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, | ১০-০৮-২০২২ |
| ৯ | খুলনা, বাগেরহাট, পিরোজপুর | ২৭-০৭-২০২২ | ১৮ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, নারায়নগঞ্জ | ১১-০৮-২০২২ |

**৭. প্রবেশপত্র সংশোধনী ঃ**

৭.১ রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ত্রুটি থাকলে অবশ্যই তা প্রবেশপত্র ইস্যুর পূর্বে সংশোধন করতে হবে।

৭.২ রেজিস্ট্রেশন কার্ডের ভুলের কারণে ভুল প্রবেশপত্র ইস্যু হলে শিক্ষার্থী প্রতি টাঃ ৫০০/- প্রদানপূর্বক সংশোধিত প্রবেশপত্র ইস্যু করা যাবে।

৭.৩ কেন্দ্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্র হতে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত টাঃ ৫০০/- ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

**৮. বিশেষ শর্তাবলী ঃ**

৮.১ কোন পরীক্ষার্থী ১ম/২য় বর্ষ ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হলে (৩৩% এর কম নম্বর পেলে) তাকে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। এরূপ পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করলে তার সকল বিষয়ের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে এবং এর সব দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই নিতে হবে।

৮.২ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান ও পূর্ণমান সঠিক ভাবে যাচাই সাপেক্ষে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর Online এ ইনপুট দিতে হবে। প্রতিষ্ঠানের ভুলের কারণে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত জটিলতার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

৮.৩ কোন পরীক্ষার্থীর ধারাবাহিকের (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ করা না হলে তার ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের পূর্বেই এ সংক্রান্ত জটিলতা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিষ্পত্তি করতে হবে।

৮.৪ এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা সংক্রান্ত সকল যোগাযোগের ক্ষেত্রে অত্র বোর্ডের **পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক** (বিএম/বিএমটি) বরাবরে উল্লেখ করতে হবে।

৯. অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম/বিএমটি) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করতে ইচ্ছুক শিক্ষকদের তথ্য অনলাইনে প্রদর্শিত তথ্য ছক মোতাবেক পূরণ করে বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পাঠাতে হবে।

১০. উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/ শিফট) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র, অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র ও পরীক্ষায় ব্যবহৃত খালি ট্যাংকটি (দুইটি তালা ও ছয়টি চাবি) ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডে ফেরত দিতে হবে।

**১১. উত্তরপত্রের লিথোর উপরের অংশে (Top Part) বৃত্ত ভরাটের** ক্ষেত্রে **করনীয়ঃ**

১১.১ ঃ রেজিঃ কলামগুলো ১০(দশ) ঘরের (অংকের) থাকায় শিক্ষার্থীগণ ডান থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য দিয়ে ভরাট করবে। অনুরূপভাবে ৫(পাঁচ) ঘরের (অংকের) বিষয় কোডের সর্ব বামের ঘরটি ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করবে।

১১.২ ঃ এ বিষয়ে সংশ্লিষ্ট শ্রেনী শিক্ষক ও বিভাগীয় প্রধানগণের সহযোগিতায় পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিতে হবে।


১২. অত্র বোর্ডের এইচএসসি (বিএম/বিএমটি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (বিএম/বিএমটি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএমটি শাখার ০১৭৩২২৯৭৬০৭ নম্বরে যোগাযোগ করা যাবে।

**[বিঃদ্রঃ অন-লাইন** সংক্রান্ত **কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনায়]**


১৩. সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার নিয়মাবলী নিম্নে (Payment process) উল্লেখ করা হলো:
From Online Formfillup Click “Payment Summary” then Click “Online Payment Sonali Sheba” (it support Cards, Mobile Banking, Sonali Bank)





Click “Account” or “Counter”




(For Account Payment)








(For Counter Payment)

Enter (13-digit A/C number, Account Name, 11-digit phone number) then after OTP verification process (through mobile SMS) payment will complet succsssfully.

*Sonali Bank A/C number (Institute or any one A/C number 13-digit)

*Account Holder Name (As in Bank A/C name) *Phone Number (As same A/C opening)



Download Pdf


## Sonali Bill Payment System

### BTEB Payment Voucher

Information Technology and Telecommunication Institute

Payment ID : **2206018010022641** Voucher Date : 01/Jun/2022

| | | | |
|---|---|---|---|
| Institute Name | Information Technology and Telecommunication Institute | Payment Status | Unpaid |
| Curriculam Name | HSC(BMT)/HSC (Voc)/ Dip in Com | Fee Amount | 2250.00 |
| Service Type | Form Fillup | Charge | 35.00 |
| Service Name | 2022 | Pay Amount | 2285.00 |
| Contact No. | | In Words | Two Thousand Two Hundred And Eighty Five Taka Only |



1 / 1 100%

## Sonali Bill Payment System

### BTEB Counter Payment Voucher

Information Technology and Telecommunication Institute

Institute Copy

Payment ID : **2206018010022641** Voucher Date : **01/Jun/2022**

Payment Status : **Unpaid**

| | | | |
|---|---|---|---|
| Curriculam : | HSC(BMT)/HSC (Voc)/ Dip in Com | Fee Amount (Taka) : | **2250.00** |
| Service Type : | Form Fillup | Charge (Taka) : | **35.00** |
| Service Name : | 2022 | Payble Amount (Taka) : | **2285.00** |
| Contact No. : | | In Words : | Two Thousand Two Hundred Eighty Five Taka Only |

NB: This is a SPG Counter Payment Voucher, so please accomplish transaction using SPG Counter Payment Module at Sonali Bill System, Branch.

Authorized Officer

1 / 1 | — 100% + |

**Sonali Bill Payment System**

**BTEB Counter Payment Voucher**

**Information Technology and Telecommunication Institute**

Institute Copy

Payment ID : **2206018010022641**

Voucher Date : **01/Jun/2022**

Payment Status : **Unpaid**

| | |
|---|---|
| Curriculam : | HSC(BMT)/HSC (Voc)/ Dip in Com |
| Service Type : | Form Fillup |
| Service Name : | 2022 |
| Contact No. : | |

| | |
|---|---|
| Fee Amount (Taka) : | **2250.00** |
| Charge (Taka) : | **35.00** |
| Payble Amount (Taka) : | **2285.00** |

In Words :
Two Thousand Two Hundred Eighty Five Taka Only

NB: This is a SPG Counter Payment Voucher, so please accomplish transaction using SPG Counter Payment Module at Sonali Bill System, Branch.

Authorized Officer

Form Fillup bill amount বিবেচনায় লিমিট থাকলে Card ও Mobile Banking এ Payment দেওয়া যাবে। amount বেশি হলে, Sonali Sheba এর account অথবা Counter যেকোনোটি Select করে Payment দেওয়া যাবে। Account Select করলে Mobile এ OTP Verification যাবে Counter Select করলে Voucher Print দিয়ে Sonali Bank এর যে কোনো শাখা থেকে Payment দেওয়া যাবে।

২২৫৫. ০১/৬/২২

(প্রকৌ. মো: আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০১.২২.৪২৪(১)/১৭ — তারিখ ঃ ০১-০৬-২০২২ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স পরিচালিত প্রতিষ্ঠান।
৭. উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ পরীক্ষা নিয়ন্ত্রক ডিপ্লোমা/সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
১১. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. সংশ্লিষ্ট নথি।

০১/০৬/২০২২ খ্রি.

(মো: সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৯